বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২২৫০
ই-মেইলঃ
dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৭)অংশ-০৩/২০১৯-২০২০/২২৮ তারিখঃ ২০/০৮/২০১৯ খ্রিঃ

সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০১৮-১৯ অর্থবছরে বয়স্ক, বিধবা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতার অব্যয়িত অর্থ কেন্দ্রীয় হিসাবে ফেরত আনয়ন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সমাজসেবা অধিদফতর, সামাজিক নিরাপত্তা শাখা, ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা এর ০৪ আগস্ট, ২০১৯ তারিখের স্মারক নং- ৪১.০১.০০০০.০৪৯.০২.০২৮.১৭.১৩৮ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। পত্রে উল্লেখ করা হয়েছে যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দশটি বিশেষ উদ্যোগের অন্যতম। দরিদ্র, দুস্থ, ও অনগ্রসর প্রবীণ, বিধবা ও প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষায় সামাজিক নিরাপত্তা কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী ২০১৮-১৯ অর্থবছরে বয়স্ক, বিধবা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বিতরণের Cutoff Date ৩১ জুলাই ২০১৯; যা ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। ৩১ জুলাই ২০১৯ এর পর বর্ণিত ভাতা কর্মসূচির অনুকূলে বরাদ্দকৃত অর্থ বিতরণের আর কোন সুযোগ নেই। মাঠ পর্যায়ে ভাতা বিতরণের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন ব্যাংক শাখায় অব্যয়িত অর্থ (উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসার পরিচালিত হিসাব এবং পৌরসভা/সিটি কর্পোরেশন এর ক্ষেত্রে উপপরিচালক ও সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার পরিচালিত ব্যাংক হিসাবের) কেন্দ্রীয় ব্যাংক হিসাবে ফেরত আনয়ন করা প্রয়োজন। তবে উপকারভোগীর ব্যাংক হিসাবে জমাকৃত অর্থ কোনক্রমেই কেন্দ্রীয় হিসাবে ফেরত আনা যাবে না মর্মে উক্ত পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, ২০১৮-১৯ অর্থবছরে বয়স্ক, বিধবা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বিতরণের Cutoff Date ৩১ জুলাই ২০১৯; যা ইতোমধ্যে অতিক্রান্ত হওয়ায় ৩১ জুলাই ২০১৯ এর পর বর্ণিত ভাতা কর্মসূচির অনুকূলে বরাদ্দের বিপরীতে শাখা কর্তৃক অব্যয়িত অর্থ কেন্দ্রীয় ব্যাংক হিসাবে ফেরত প্রদানের লক্ষ্যে এ্যাডভাইসসহ বিবরণী জরুরী ভিত্তিতে সংগ্রহপূর্বক মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগণ নিম্নেবর্ণিত ছকে মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকায় প্রেরণ করতঃ বিবরণীর একটি অনুলিপি ই-মেইলে অত্র বিভাগে প্রেরণের অনুরোধ করা হলো। উল্লেখ্য, এতদ্বিষয়ে শাখাসমূহকে প্রয়োজনে স্থানীয় সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

অঞ্চলের নামঃ

২০১৮-২০১৯ অর্থ বছর

| ক্রঃ নং | কর্মসূচীর নাম | বরাদ্দকৃত অর্থের পরিমাণ | ভাতাভোগীর সংখ্যা | বিতরিত অর্থের পরিমাণ | অবিতরিত অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | বয়স্ক ভাতা | | | | |
| ২ | বিধবা ভাতা | | | | |
| ৩ | অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা | | | | |
| | মোটঃ | | | | |

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
২০/০৮/২০১৯
(মোহাম্মদ মনিরুল ইসলাম )
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৭)অংশ-০৩/২০১৯-২০২০/২২৮ তারিখঃ ২০/০৮/২০১৯ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপিঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০২। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০৩। উপ-মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক। তাঁদেরকে অব্যয়িত অর্থের এ্যাড্ভাইসসহ পত্রে বর্ণিত ছক মোতাবেক বিবরণী সরাসরি স্থানীয় মুখ্য কার্যালয়ে প্রেরণ করতঃ অত্র বিভাগে অনুলিপি প্রেরণের অনুরোধ করা হলো।

০৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক। তাঁদেরকে অব্যয়িত অর্থের এ্যাড্ভাইসসহ পত্রে বর্ণিত ছক মোতাবেক বিবরণী সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৫। নথি/মহানথি।

২০.০৮.১৯
(মোঃ নিজামুল ইসলাম )
সহকারী মহাব্যবস্থাপক

শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সামাজিক নিরাপত্তা শাখা
ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.০২.০২৮.১৭.১৩৮ তারিখ: ০৪ আগস্ট ২০১৯

বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০১৮-১৯ অর্থবছরে বয়স্ক, বিধবা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতার অব্যয়িত অর্থ কেন্দ্রীয় হিসাবে ফেরত আনয়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দশটি বিশেষ উদ্যোগের অন্যতম। দরিদ্র, দু:স্থ ও অনগ্রসর প্রবীণ, বিধবা ও প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষায় সামাজিক নিরাপত্তা কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী ২০১৮-১৯ অর্থবছরে বয়স্ক, বিধবা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বিতরণের Cutoff Date ৩১ জুলাই ২০১৯, যা ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে; ৩১ জুলাই ২০১৯ এর পর বর্ণিত ভাতা কর্মসূচির অনুকূলে বরাদ্দকৃত অর্থ বিতরণের আর কোন সুযোগ নাই। মাঠপর্যায়ে ভাতা বিতরণের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন ব্যাংক শাখায় অব্যয়িত অর্থ (উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসার পরিচালিত হিসাব এবং পৌরসভা/ সিটি কর্পোরেশন এর ক্ষেত্রে উপপরিচালক ও সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার পরিচালিত ব্যাংক হিসাবের) কেন্দ্রীয় ব্যাংক হিসাবে ফেরত আনয়ন করা প্রয়োজন। তবে উপকারভোগীর ব্যাংক হিসাবে জমাকৃত অর্থ কোনক্রমেই কেন্দ্রীয় হিসাবে ফেরত আনা যাবে না।

এমতাবস্থায়, ২০১৮-১৯ অর্থবছর পর্যন্ত বর্ণিত ব্যাংক হিসাবে বয়স্ক, বিধবা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতার অব্যয়িত অর্থ কেন্দ্রীয় ব্যাংক হিসাবে ফেরত আনয়নপূর্বক এ অধিদফতরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

গাজী মোহাম্মদ নুরুল কবির
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪

বিতরণ:
কার্যার্থে:

১. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, কাজিহাটা, রাজশাহী।

সদয় জ্ঞাতার্থে:

১. সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৫২৬ তারিখ: ০৬.০৮.১৯
ব্যবস্থাপনা পরিচালক